তাং ... 19 APR 2017 ...
পৃঃ ...

যুগান্তর



ফরাশগঞ্জ নর্থব্রুক হল পাঠাগারে তালাবদ্ধ ভবন। ভবনটি ঝুঁকিপূর্ণ হওয়ায় আপাতত পাঠাগারের কার্যক্রম অন্যত্র সরিয়ে নেয়া হয়েছে। মঙ্গলবারের ছবি যুগান্তর

# হারিয়ে যাচ্ছে নগর পাঠাগার

**মহসীন কবির**

সোমবার দুপুর ৩টা। পুরান ঢাকার রোকনপুর পাঠাগারে ঢুকে দেখা যায়, ভেতরে কেউ নেই। খাঁ খাঁ করছে টেবিল, চেয়ার। বইয়ের আলমারিগুলো খুবই নোংরা। কিছুক্ষণ অপেক্ষার পর পাঠাগারে প্রবেশ করলেন আবদুল আলীম নামের এক ব্যক্তি। পেশাগত পরিচয় জানার পর বললেন, তিনি ওই পাঠাগারের পরিচ্ছন্নতাকর্মী। তবে লাইব্রেরিয়ান ঝর্ণা আক্তারের অনুপস্থিতিতে তিনিই সবকিছু দেখভাল করেন। ভালো বই, পত্রিকা এবং সাময়িকী না থাকায় পাঠক আসেন না। নব্বইয়ের দশকে প্রতিষ্ঠিত এই পাঠাগারে প্রতিদিন গড়ে ২-৩ জন পাঠক আসেন। কোনো দিন এমনও যায় যে কোনো পাঠকই আসেন না।

শুধু রোকনপুর পাঠাগার নয়, এ চিত্র রাজধানীর অন্যান্য পাঠাগারগুলোরও। নগর পাঠাগারগুলো বিভিন্ন ধরনের অব্যবস্থাপনায় হারিয়ে যেতে বসেছে। দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলো এদিকে কোনো দৃষ্টিপাত করছে না। অবিভক্ত সিটি কর্পোরেশনের মোট ২৩টি পাঠাগার ছিল। বর্তমানে তা কমে ৭টিতে নেমে এসেছে। আবার সব পাঠাগার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে (ডিএসসিসি) পড়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে (ডিএনসিসি) বর্তমানে কোনো পাঠাগার নেই।

জানা যায়, বিদ্যমান নগর পাঠাগারগুলো পরিচালনার জন্য পর্যাপ্ত জনবল নেই। দেয়া হচ্ছে না পর্যাপ্ত বরাদ্দ। এ ছাড়া নিয়মিত পত্রিকা, সাময়িকী ও আধুনিক মানের বই না থাকায় এসব পাঠাগারে পাঠক আকৃষ্ট করতে পারছে না। অথচ পাঁচ বছর আগেও পাঠাগারগুলো শিশু-কিশোর ও তরুণ-তরুণীদের জ্ঞানচর্চার কেন্দ্রবিন্দু ছিল।

সংশ্লিষ্টরা জানান, সময়ের ব্যবধানে নগর পাঠাগারের পাঠক শূন্যতার পেছনের অন্যতম কারণ হচ্ছে নতুন বই না থাকা, দৈনিক পত্রিকা এবং সমসাময়িক ম্যাগাজিন না রাখাসহ লাইব্রেরির পরিবেশ নোংরা। এ ছাড়া ধুলাবালিতে আচ্ছন্ন থাকায় পাঠাগারগুলো থেকে মুখ ফিরিয়ে নিচ্ছেন পাঠকরা।

সিটি কর্পোরেশন আইন-২০০৯ অনুযায়ী পাঠাগার প্রতিষ্ঠা সিটি কর্পোরেশনের একটি কাজ। শিশু-কিশোর, তরুণ-তরুণীসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষের জ্ঞানচর্চার সুযোগ করে দেয়ার এ কাজটিকে একেবারেই গুরুত্ব দিচ্ছে না ডিএনসিসি। ডিএসসিসিও কোনো রকম জোড়াতালি দিয়ে পাঠাগার পরিচালনা করছে।

ডিএসসিসির ২৮ নম্বর ওয়ার্ডের এক সময়কার মুফতি

## ডিএসসিসির ৭টি থাকলেও ডিএনসিসির একটিও নেই

দ্বীন মোহাম্মদ পাঠাগারটি ব্যবহৃত হচ্ছে লালবাগ থানা পুলিশের কার্যালয় হিসেবে। স্থানীয়রা জানান, ২০০৬ সালে সেনাশাসিত তত্ত্বাবধায়ক সরকারের আমলে সেনাবাহিনীর অস্থায়ী কার্যালয় হিসেবে ব্যবহৃত হওয়ার পর পাঠাগার কর্তৃপক্ষকে ওই জায়গা এখনও ফেরত দেয়া হয়নি। একই সঙ্গে সেখানে কমিউনিটি সেন্টারের কার্যক্রমও পরিচালিত হতো। ডিএনসিসির আওতাভুক্ত মিরপুর সেকশন-২ এর পাঠাগারটি একযুগ আগেই বন্ধ হয়ে গেছে। ডিএনসিসির নথিতে এটি এখনও পাঠাগার হিসেবে থাকলেও কোনো কার্যক্রম নেই। এ ছাড়াও ডিএনসিসির ৩৬ নম্বর ওয়ার্ডের মগবাজার টোলারবাগ ওহাব স্মৃতি পাঠাগারের সাইনবোর্ড থাকলেও সেখানে পাঠাগারের কোনো কার্যক্রম নেই। ডিএসসিসির টিপু সুলতান রোডের ওয়ারী পাবলিক লাইব্রেরির নাম পরিবর্তন করে তাজউদ্দিন স্মৃতি পাঠাগার করা হয়। ২০০৮ সালে নারিন্দা ফকিরচান কমিউনিটি সেন্টারে স্থানান্তর করা হয়। তবে বহুতল ভবন, দৈনিক পত্রিকা না রাখা, বৈদ্যুতিক পাখা না থাকা এবং নতুন বই না থাকার কারণে পাঠকরা আগের মতো আসেন না। এই পাঠাগারটিসহ পার্শ্ববর্তী ৪১ নম্বর ওয়ার্ডের সূত্রাপুর জহির রায়হান সাংস্কৃতিক কেন্দ্র ও পাঠাগার, ফরাশগঞ্জ লালকুটি নর্থব্রুক হল পাঠাগারেরও কোনো কার্যক্রম নেই বললেই চলে। তবে এগুলো নিয়মিত খোলা হয়। তা ছাড়াও ২২ নম্বর ওয়ার্ডের হাজারীবাগ হাজী খলিল সর্দার পাঠাগার এবং ২৩ নম্বর ওয়ার্ডের নবাবগঞ্জ পার্ক পাঠাগারটিও বেশিরভাগ সময় বন্ধ থাকে বলে স্থানীয়রা জানান। এর কারণ জানতে চাইলে হাজী খলিল সর্দার পাঠাগারের লাইব্রেরিয়ান আবদুস সোবহান যুগান্তরকে বলেন, পাঠক নেই তাই পাঠাগার বন্ধ থাকে।

এ বিষয়ে ডিএসসিসির উপ-সমাজকল্যাণ ও সাংস্কৃতিক কর্মকর্তা লুৎফর রহমান চৌধুরী বলেন, ডিএসসিসি এলাকার পাঠাগারগুলোর মানোন্নয়নের ব্যাপারে মেয়র উদ্যোগ গ্রহণ করেছেন। নতুন করে পাঠাগার বৃদ্ধি করারও চিন্তা-ভাবনা চলছে। দ্রুত সময়ে একটি নতুন পাঠাগার উদ্বোধন করা হবে। এ ছাড়া নতুন যেসব কমিউনিটি সেন্টার হবে, সেসব কমিউনিটি সেন্টার পাঠাগারের ব্যবস্থা করা হবে।

ডিএনসিসির সমাজকল্যাণ ও সাংস্কৃতিক কর্মকর্তা এনায়েত হোসেন যুগান্তরকে বলেন, ডিএনসিসি এলাকায় আগে কয়েকটি পাঠাগার ছিল, কিন্তু এখন কোনো পাঠাগার নেই। নতুন জনবল কাঠামোতে এ সংক্রান্ত কোনো পদই রাখা হয়নি। সেহেতু ভবিষ্যতে পাঠাগার সৃষ্টি করার কোনো সুযোগ আছে বলে আমি মনে করি না।

ব্যানবেইস
প্রাপ্তি নং
তারিখ........................
চীফ, পরিসংখ্যান বিভাগ
... ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর